



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ



...

সভাপতি	সুব্রত রায় মৈত্র ভাইস চেয়ারম্যান
সভার তারিখ	২৭/০২/২০২২ খ্রিঃ, রোজ-রবিবার।
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	জুম মিটিং
উপস্থিতি	তালিকা সংযুক্ত

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় শুরুতে ভাষা ও দেশের জন্য আহত্যাগকারী বীর সন্তানদের স্মরণ করেন। তিনি উল্লেখ করেন, গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে মোবাইল অপারেটর হতে প্রেরিত সকল ধরনের এসএমএস বাংলায় প্রেরণের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এখনো অনেক Promotional SMS ইংরেজিতে পাওয়া যাচ্ছে। তাই এই বিষয়ে কি করণীয় এই বিষয়ে আলোচনার জন্য সকলকে অনুরোধ করেন।

২। সভার এ পর্যায়ে মহাপরিচালক (এসএস) মহোদয় বলেন, বাংলা ভাষার প্রতিশ্রদ্ধা স্বরূপবিগত ২০২১ সালের ২১শে ফেব্রুয়ারী হতে অর্ধেক খরচে বাংলা এসএমএস সেবা কমিশন কর্তৃক চালু করা হয়। সম্প্রতি মোবাইল অপারেটর কর্তৃক প্রেরিত সকল ধরনের এসএমএস বাংলায় প্রেরণের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। সভাপতি মহোদয় ইতিমধ্যে এই বিষয়ে আলোকপাত করেছেন। কমিশনের তালিকাভুক্ত সকল A2P SMS Aggregatorদের এই বিষয়ে কমিশনের নির্দেশনার বাস্তবায়ন করতে নির্দেশ দেন। এবং এই বিষয়ে কোন সমস্যা থাকলে তা আলোচনার জন্য অনুরোধ করেন।

৩। মহাপরিচালক (এসএস) মহোদয়েরবক্তব্যের প্রেক্ষিতে SISPAB প্রতিনিধি জানান যে, মোবাইল অপারেটরদের মাত্রাতিরিক্ত P2P SMS Bundle প্যাকেজ ক্রয় করে অনেকে প্রমোশনাল এসএমএস ব্যবসা করতেছে। এছাড়াও মোবাইল অপারেটরগণ নাম সর্বস্ব অনেক ছোট/বড় প্রতিষ্ঠানে SMS Broadcast SIM বিক্রি করে যার দরুন ঐ সব প্রতিষ্ঠান কোন SMS Aggregator প্রতিষ্ঠান না হয়েও তারা Promotional SMS ব্যবসা করে যাচ্ছে। আর এই সমস্ত ব্যক্তিগত সিম ও SMS Broadcast সিম হতে মূলত সবচেয়ে বেশি Promotional SMS প্রেরণ করে। SISPAB প্রতিনিধি আরো জানান, কমিশন হতে যদি এই বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে তা হলে ইংরেজিতে Promotional SMS পাওয়া কমে যাবে একইসাথে ইন্ডাস্ট্রিতে ব্যবসায়িক ইকো সিস্টেম ঠিক থাকবে। প্রতিনিধি আরো বলেন, কমিশনের পূর্বের এবং বর্তমান সকল নির্দেশনা কমিশনের তালিকাভুক্ত সকল A2P SMS Aggregatorমেনে চলে এবং সে অনুযায়ী বাংলায় এসএমএস প্রেরণ করে যাচ্ছে।

৪। সভার এই পর্যায়ে SISPAB এর প্রতিনিধি জনাব মঈন উদ্দিন বলেন, গ্রাহকরা OTP, Mobile

Number, URL ইত্যাদি ইংরেজিতে পেতে চাই। তাছাড়া OTP, Mobile Number, URL যদি বাংলায় কনভার্ট করা হয় তাহলে তা সমস্যার সৃষ্টি হবে। তাই OTP, Mobile Number, URL ইত্যাদি ইংরেজী রাখার জন্য কমিশনকে অনুরোধ করেন।

সেভায় এই বিষয়ে বিবিধ আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক। আগামী ৭মার্চ ২০২২খ্রিঃ তারিখ হতে এগ্রিগেটর কর্তৃক প্রেরিত সকল ধরনের **Promotional / Notification** এবং ট্রানজেকশনাল এসএমএস (ব্যাংকিং বা পজ মেশিনের মাধ্যমে ক্রয়ের এসএমএস/নোটিফিকেশন ব্যতীত) বাংলায় প্রেরণ নিশ্চিতকরতে হবে।

খ। ব্যাংক কর্তৃক প্রেরিত **Financial/Banking/Transactional SMS** বাংলায় প্রেরণের বিষয়ে কমিশন হতে বাংলাদেশ ব্যাংকের সাথে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সে সময় পর্যন্ত **Financial/Banking/Transactional SMS** সমূহ ইংরেজি/বাংলায় প্রেরণ করতে পারবে।

গ। **OTP, Mobile Number, Numeric Digit, URL** ইত্যাদি ইংরেজীতে থাকতে পারবে তবে এসএমএস টেমপ্লেট অবশ্যই বাংলায় হতে হবে।

ঘ। সকল **A2P SMS Aggregator** এরনিজ নিজ এসএমএস ব্রডকাস্ট সিম সমূহের নাম্বারনিজস্ব লেটার হেড প্যাডে লিপিবদ্ধ করে আগামী ২০শে মার্চ, ২০২২খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইল এবং পত্র মারফত (ই-নথি) কমিশনে প্রেরণ করতে হবে।

ঙ। **SISPAB**, সংগঠনের সবাইকে আগামী ৭মার্চ ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে গ্রাহকদের জন্য প্রেরিত সকল ধরনের **Promotional/Notification** এসএমএস বাংলায় চালুর বিষয়ে নিশ্চিত করবেন।

পরিশেষে, সভায় আর কোনআলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সুব্রত রায় মৈত্র  
ভাইস চেয়ারম্যান

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৪৩.০০৬.২১.৪৯২

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) সিনিয়র সহকারী পরিচালক (ভাইস চেয়ারম্যান দপ্তরে সংযুক্ত), ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ

নিয়ন্ত্রণ কমিশন

৩) সভাপতি, সিসপাব।

৪) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা , সকল মোবাইল অপারেটর

৫) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা , সকল এসএমএস এগ্রিগেটর



মোঃ আসিফ ওয়াহিদ

উপ-পরিচালক